গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(সাধারণ শাখা)
কিশোরগঞ্জ
www.kishoreganj.gov.bd

বিষয়: "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে" সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আবুল কালাম আজাদ
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
সভার তারিখ ও সময় : ৩০ মার্চ ২০২৩ খ্রি.; বেলা ৩.০০ টা
সভার স্থান : জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর নৈতিকতা কমিটির সদস্য সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জসহ সকল সদস্য আলোচনা সভায় অংশগ্রহণ করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে সকল সরকারি দপ্তরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ২০২২-২৩ অর্থবছরে ০৪ (চার) বার অনুষ্ঠিত হবে মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | জেলা ও উপজেলা পর্যায়ে সুধীজনদের অংশগ্রহণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবহিতকরণ সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে সুধীজনদের অংশগ্রহণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ। |
| ০২. | জেলা ও উপজেলা পর্যায়ে ওয়েবসাইটে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত মন্ত্রিপরিষদের নির্দেশিকা সংযুক্ত করে সেবাবক্স হালনাগাদ বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে ওয়েবসাইটে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত মন্ত্রিপরিষদের নির্দেশিকা সংযুক্ত করে সেবাবক্স হালনাগাদ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ। |
| ০৩. | কর্মকর্তা/ কর্মচারীদের নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তা/ কর্মচারীদের নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।<br>২। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ। |
| ০৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম) এর ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম) এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।<br>৩। নেজারত ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ। |
| ০৫. | ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।<br>২। নেজারত ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৬. | সেবাপ্রদান সম্পর্কিত আলোচনা করা হয়। | জনগণের সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট শাখাসমূহে সেবা প্রদানের ক্ষেত্রে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত সংরক্ষণ করতে হবে। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), কিশোরগঞ্জ। |
| ০৭. | ভূমি অধিগ্রণের ক্ষতিগ্রস্থদের চেক বিতরণ বিষয়ে আলোচনা করা হয়। | গতিশীল ও উন্নত সেবাপ্রদানের মাধ্যমে দুর্নীতি হ্রাসকরণের ক্ষেত্রে জমির কাগজপত্র, ব্যক্তির জাতীয় পরিচয়পত্র পরীক্ষন্তে ভূমি অধিগ্রণের চেক বিতরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।<br>২। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কিশোরগঞ্জ। |
| ০৮. | ব্যবসায়ীদের ডিলিং লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা করা হয়।। | আবেদন পত্রের সাথে দাখিলকৃত কাগজাদির সঠিকতা যাচাই সাপেক্ষে ব্যবসায়ীদের ডিলিং লাইসেন্স প্রদান করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ব্যবসা ও বাণিজ্য শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ। |
| ০৯. | ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | প্রয়োজন সাপেক্ষে যাচাইবাছাই পূর্বক প্রকৃত ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।<br>২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ। |

২। পরিশেষে আর কোন অলোচ্যবিষয় না থাকায় শুদ্ধাচার চর্চায় নিজেকে নিয়োজিত করা এবং অন্যকে এ বিষয়ে উদ্বুদ্ধ করার আহবান জানিয়ে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫.০৪.২০১৬

মোহাম্মদ আবুল কালাম আজাদ
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ও
সভাপতি
জেলা নৈতিকতা কমিটি, কিশোরগঞ্জ
ফোন: ০৯৪১-৬১৭৫৫
ই-মেইল-ackishoreganj@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৪৮০০.০১২.১৬.০৮২(অংশ-৫).২২-৩৫৩

তারিখ : ২২ চৈত্র ১৪২৯
০৫ এপ্রিল ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৪। উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ;
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি/সার্বিক) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ;
৮। সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯। এনডিসি/আরডিসি/এডিএলজি/ভারপ্রাপ্ত কর্মকর্তা,...........................................(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগ
১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ;
১১। অফিস কপি।

০৫.০৪.২০২৩

এ টি এম ফরহাদ চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা নৈতিকতা কমিটি, কিশোরগঞ্জ